

## বাংলা নববর্ষের শুভেচ্ছা বার্তা ১৪২৭

প্রেরক: উপাচার্য, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ।

প্রাপক: বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী, শিক্ষার্থী ও তাদের পরিবারবর্গ।

১ লা বৈশাখ ১৪২৭(১৪ ই এপ্রিল ২০২০), বাঙ্গালীর সর্বজনীন লোক উৎসব পহেলা বৈশাখ আমাদের মাঝে নিয়ে এসেছে আরও একটি নতুন বছর। বাংলা নববর্ষ সবার মাঝে জাগায় প্রাণের নতুন স্পন্দন, নতুন আশা, নতুন সম্ভাবনা। বিগত বছরের সুখ-দুঃখ, আনন্দ-বেদনা পেছনে ফেলে নতুন বছরে অমিত সম্ভাবনার পথে এগিয়ে যাক বাংলাদেশ- বাংলা নববর্ষে এ প্রত্যাশা করি। বাংলা নববর্ষের এই দিনে আমি ও আমার সহধর্মিনীর পক্ষ থেকে বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী, শিক্ষার্থী ও তাদের পরিবারবর্গকে জানাই নববর্ষের শুভেচ্ছা ও অভিনন্দন। এ বছরটি বাঙালি জাতির জন্য একটি বিশেষ গৌরবময় বছর। এ বছরই উদযাপিত হচ্ছে সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকী।

বাংলা নববর্ষ আমরা সবসময় অনেক উৎসাহের সঙ্গে পালন করি। কিন্তু এবার চিত্র আলাদা। বিশ্বজুড়ে প্রাণঘাতী করোনা ভাইরাসের তাণ্ডবে সকলেই সন্ত্রস্ত। ধনী বা দরিদ্র, উন্নত বা উন্নয়নশীল, ছোট বা বড়, সব দেশই আজ কমবেশি নোভেল করোনা ভাইরাস দ্বারা আক্রান্ত। আমাদের প্রাণপ্রিয় বাংলাদেশও এই সংক্রমণ থেকে মুক্ত নয়। সে কারণেই আজ আমরা সকলেই সামাজিক দূরত্ব বজায় রেখে সরকারি নির্দেশনা অনুসরণ করে যার যার বাসায় থেকে পরিবারের সাথে পহেলা বৈশাখ উদযাপনের সিদ্ধান্ত নিয়েছি। তবে এই ডিজিটাল বাংলাদেশের যুগে আমরা সোশ্যাল মিডিয়া এবং অন্যান্য অনলাইন মাধ্যম ব্যবহার করে আমাদের বন্ধুবান্ধব ও প্রিয়জনদের সাথে বাংলা নববর্ষ উদযাপন করতে পারি। আমাদের মনে রাখতে হবে যে করোনা-যুদ্ধে বিপর্যয়ের এই মুহূর্তে অনেকের ত্যাগের উপরেই নির্ভর করছে ভবিষ্যতে সৌভাগ্যের দুয়ার।

পুরাতনকে বিদায় দিয়ে নতুনকে গ্রহণ করা মানুষের সহজাত ধর্ম। অতীতের সফলতা-ব্যর্থতার ওপর দাঁড়িয়ে ভবিষ্যৎ নির্মাণের জন্য এখন দৃশ্ট পাবে এগিয়ে যাওয়ার সময়। গত বছরের ভুলগুলো শুধরে নিয়ে আমাদের সুন্দর ভবিষ্যৎ নির্মাণের লক্ষ্যে সামনের দিকে এগিয়ে যেতে হবে।

অতীতের সব গ্লানি ও বিভেদ ভুলে বাংলা নববর্ষ জাতীয় জীবনের সর্বক্ষেত্রে আমাদের ঐক্যকে আরো সুসংহত করবে। বাংলা নববর্ষ সকলের জন্য আনন্দের বার্তা বয়ে আনুক এ প্রত্যাশা করি। নতুন বছর অর্জন আর প্রাচুর্যে, সৃষ্টি আর কল্যাণে ভরে উঠুক এবং করোনা ভাইরাসের বিরুদ্ধে যুদ্ধে জয়ী হয়ে আমাদের সবার জীবনে বয়ে আনুক অনাবিল সুখ, সুস্থতা, শান্তি ও সমৃদ্ধি- মহান আল্লাহতায়ালার দরবারে এই প্রার্থনা করছি।

ভাল থাকুন, সুস্থ থাকুন, সামাজিক দূরত্ব বজায় রাখুন।

জয় বাংলা।

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি চিরজীবী হোক।